

কারিগরি শিক্ষা : আরো ১০ কোটি ডলার দেবে বিশ্বব্যাংক

■ ইত্তেফাক রিপোর্ট

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা উন্নয়নে অতিরিক্ত ১০ কোটি ডলার অর্থায়ন করবে বিশ্বব্যাংক। গত ৩০ নভেম্বর ওয়াশিংটনস্থ বিশ্বব্যাংকের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত বিশ্বব্যাংকের বোর্ড সভায় এ ঋণ অনুমোদন দেয়া হয়েছে। বিশ্বব্যাংকের এ অতিরিক্ত ঋণ সহায়তায় বাংলাদেশের মোট ২ লাখ গরিব শিক্ষার্থী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা শেষ করতে পারবে। গতকাল বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয় থেকে পাঠানো এক সংবাদ বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে।

বিশ্বব্যাংকের বিবৃতিতে বলা হয়েছে, দক্ষতা ও প্রশিক্ষণ বৃদ্ধি শীর্ষক চলমান প্রকল্পে এ অর্থ দিচ্ছে সংস্থাটি। বিশ্বব্যাংকের সহায়তা পুষ্ট এ প্রকল্পে অতিরিক্ত অর্থায়নসহ সংস্থাটির সহায়তার পরিমাণ বাড়িয়েছে ৭ কোটি ৯০ লাখ ডলার। এ ছাড়াও কানাডা সরকার মোট এক কোটি ৬৭ লাখ ডলার অনুদানও রয়েছে এ প্রকল্পে।

এ প্রকল্পের মাধ্যমে বাজারের চাহিদা অনুযায়ী বৃত্তিমূলক শিক্ষার সুযোগ পাচ্ছে দরিদ্র শিশুরা। এ প্রকল্পের আওতায় এ পর্যন্ত ৯৩টি পলিটেকনিক

ইনস্টিটিউটের প্রায় এক লাখ ১০ হাজার গরিব শিক্ষার্থী সুবিধাপ্রাপ্ত হয়েছে। এ ছাড়া ৩৮টি বিষয়ের ওপর স্বল্প মেয়াদি কোর্স শেষ করেছেন প্রায় ৭০ হাজার জন। পোশাক, ইলেকট্রিক্যাল, অটোমোবাইলসহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণকারীদের ৪২ শতাংশই প্রশিক্ষণ শেষের ৬ মাসের মধ্যে কর্মসংস্থানের সুযোগ পেয়েছেন।

এ বিষয়ে বিশ্বব্যাংকের ইয়োহানেস জাট বলেন, প্রতিবছর ১৩ লাখ যুবক শ্রমবাজারে প্রবেশ করছে। এদের জন্য ভালো কর্মসংস্থানের সুযোগ তৈরি করা উচিত। বিশ্বব্যাংকের অতিরিক্ত অর্থায়নের মধ্যে বাজার ভিত্তিক শ্রমশক্তি তৈরি করা হবে; যার মাধ্যমে শিক্ষার্থীরা দেশে ও বিদেশে কর্মসংস্থানের সুযোগ পাবে।

বিশ্বব্যাংকের এ অতিরিক্ত অর্থায়ন থেকে সরকারি-বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের সংখ্যা ও সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা বাড়বে। এর মাধ্যমে শৈনিকক্ষ ও ল্যাবের উন্নয়ন করা হবে। এ অতিরিক্ত অর্থায়ন স্বল্প মেয়াদি প্রশিক্ষণ আরো জোরদার হবে বলে বিশ্বব্যাংক জানিয়েছে।